

**1 SEM TDC BNLH (CBCS) C 1**

**2 0 2 1**

( March )

**BENGALI**

( Core )

Paper : C-1

( বাংলা সাহিত্যের ইতিহাস )

*Full Marks : 80*

*Pass Marks : 32*

*Time : 3 hours*

*The figures in the margin indicate full marks  
for the questions*

**প্রথম একক**

[ সাহিত্যের ইতিহাস (প্রাচীন যুগ) ]

- ১। চর্যাপদের পুঁথিটি কে, কোথা থেকে সংগ্রহ করেছিলেন? এতে বর্ণিত ঐতিহাসিক চিত্র বর্ণনা কর এবং চর্যাপদের কবিদের রচিত পদগুলি তুলে ধরে আলোচনা কর। ১+১+৪+৬=১২

অথবা

- ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের রচয়িতা কে? তাঁর রচনা-প্রতিভার স্বরূপ আলোচনা কর। ১+১১=১২

- ২। সংক্ষেপে লেখ : 8

প্রাক-চৈতন্যযুগে বাংলা সাহিত্যের বৈষ্ণব পদকর্তা বিদ্যাপতি সম্পর্কে লেখ।

অথবা

চর্যাপদে প্রতিফলিত তৎকালীন সমাজচিত্র আলোচনা কর।

- ৩। অতি সংক্ষেপে লেখ (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) চর্যাপদের প্রথম পদকর্তা কে?

(খ) মধ্যযুগের বাংলা ভাষার প্রথম নিদর্শন কী?

(গ) কবি বিদ্যাপতি কোন্ ভাষাতে পদ লিখেছিলেন?

(ঘ) কোন্ সময়কে অন্ধকার যুগ বলা হয়?

(ঙ) তুর্কী জাতি যখন বাংলা আক্রমণ করেছিল তখন বাংলার শেষ স্বাধীন হিন্দু রাজা কে ছিলেন?

( 3 )

দ্বিতীয় একক

[ সাহিত্যের ইতিহাস (মধ্যযুগ) ]

- ৪। ফুলিয়ার কৃত্তিবাস কবিকে মাইকেল মধুসূদন দত্ত বলেছেন ‘এ বঙ্গের অলঙ্কার’। ‘রামায়ণ’-এর শ্রেষ্ঠ অনুবাদক কৃত্তিবাস গুণ্ডার অনন্য প্রতিভার পরিচয় দাও। ১২

অথবা

অষ্টাদশ শতাব্দীর সর্বশ্রেষ্ঠ কবি রায় গুণাকর ভারতচন্দ্রের ‘অন্নদামঙ্গল’ কাব্যটি আলোচনা কর।

- ৫। সংক্ষেপে আলোচনা কর : ৪

বৈষ্ণব কবি গোবিন্দদাসের অভিসার পর্যায়ের পদগুলি তুলে ধরে আলোচনা কর।

অথবা

‘মনসামঙ্গল’ কাব্যের যে কোনো একজন কবির কাব্যপ্রতিভার পরিচয় দাও।

- ৬। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=৪

- (ক) ‘মহাভারত’-এর একজন বিখ্যাত অনুবাদকের নাম লেখ।  
(খ) মধ্যযুগের ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের সর্বশ্রেষ্ঠ কবির নাম কী?  
(গ) শাক্তপদাবলীর আবির্ভাব কোন্ শতাব্দীতে?  
(ঘ) “রূপলাগি আঁখি বুঝে গুণে মন ভোর।  
প্রতি অঙ্গ; লাগি কান্দে প্রতি অঙ্গ মোর।”  
পদটি কার রচনা?

16-21/392

( Turn Over )

( 4 )

তৃতীয় একক

[ সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) ]

- ৭। বিদ্যাসাগর বাংলা গদ্যকে শুধু শিল্পসম্মত করেননি, একাধারে আধুনিক শিক্ষা সম্প্রসারণ, স্ত্রী-শিক্ষার প্রচার, বিধবা বিবাহ প্রচার ও বহু-বিবাহ নিরোধের যে অবদান রেখেছেন তা আলোচনা কর। ১১

অথবা

বাংলা গদ্যের বিকাশে শ্রীরামপুর মিশনের অবদান লেখ।

- ৮। মহাকাব্য কাকে বলে? পৃথিবীতে মোট কতগুলি সুপ্রাচীন মহাকাব্য লেখা হয়েছিল? মহাকাব্য হিসাবে মধুসূদন দত্তের কৃতিত্ব আলোচনা কর। ৩+২+৬=১১

অথবা

“শরৎচন্দ্র চট্টোপাধ্যায় বাস্তব উপাদান গ্রহণ করলেও বাস্তবধর্মী লেখক নন। তিনি আদর্শবাদী ও রোমান্টিক ঔপন্যাসিক।”  
আলোচনা কর। ১১

- ৯। সংক্ষেপে লেখ (যে কোনো একটি) : ৪

- (ক) গীতিকবি বিহারীলাল চক্রবর্তী  
(খ) ঔপন্যাসিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

16-21/392

( Continued )

( 5 )

১০। অতি সংক্ষেপে লেখ : ১×৪=৪

- (ক) ফোর্ট উইলিয়াম কলেজ কত খ্রীষ্টাব্দে প্রতিষ্ঠিত হয়েছিল ?
- (খ) রামমোহন রায়ের একটি অনুবাদমূলক গ্রন্থের নাম লেখ।
- (গ) কোন্ কাব্যের জন্য রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার পেয়েছিলেন ?
- (ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের একটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখ।

চতুর্থ একক

( সাময়িকপত্র )

১১। বাংলা সাময়িকপত্রের ইতিহাসে ‘বঙ্গদর্শন’ ও ‘কল্লোল’ পত্রিকার পরিচয় দাও। ৪+৪=৮

১২। অতি সংক্ষেপে লেখ (যে কোনো দুটি) : ১×২=২

- (ক) ‘সংবাদ প্রভাকর’ পত্রিকার সম্পাদকের নাম কী ?
- (খ) ‘সমাচার দর্পণ’ পত্রিকাটি কত সালে প্রকাশিত হয় ?
- (গ) ‘সবুজপত্র’ পত্রিকাটি কত সালে প্রকাশিত হয় ?

★★★